যুগান্তর

তারিখ 05 OCT 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# বিশ্ব শিক্ষক দিবস আজ

**যুগান্তর রিপোর্ট**

আজ বিশ্ব শিক্ষক দিবস। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও এ দিবসটি উদযাপিত হবে। শিক্ষকদের অবদানকে স্মরণ করার জন্য জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কোর সদস্যভুক্ত দেশে প্রতিবছর এদিনে এ দিবসটি উদযাপন করা হয়। দিবসটির এবারের প্রতিপাদ্য হচ্ছে, 'শিক্ষকের মূল্যায়ন, মর্যাদার উন্নয়ন'।

দিবসটি উপলক্ষে বিভিন্ন শিক্ষক সংগঠন নানা কর্মসূচি হাতে নিয়েছে। এর মধ্যে রয়েছে আলোচনা সভা ও শোভাযাত্রা। বেলা ১১টায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে শোভাযাত্রা বের করবে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন পরিষদ। এতে বিভিন্ন শিক্ষক সংগঠন, ঢাকা মহানগরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থী, শিক্ষা উন্নয়নে নিয়োজিত জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা যোগ দেবেন। এরপর বেলা ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি মিলনায়তনে আলোচনা-সভা, শিক্ষক সম্মাননা কর্মসূচি অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বক্তব্য রাখবেন অধ্যাপক রেহমান সোবহান, গ্লোবাল ক্যাম্পেইন ফর এডুকেশনের সহ-সভাপতি রাশেদা কে. চৌধুরী, ইউনেস্কো প্রতিনিধি বিয়াট্রিস কালডুন। প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষক প্রতিনিধিরা এতে বক্তৃতা করবেন। অনুষ্ঠানে গুণী শিক্ষকদের সম্মাননা জানানো হবে।

স্বাধীনতা শিক্ষক পরিষদের উদ্যোগে জাতীয় প্রেস ক্লাবে সকালে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি থাকবেন সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা সম্পাদক ড. হাছান মাহমুদ এমপি। বিশেষ অতিথি থাকবেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান।

১৯৯৫ সাল থেকে প্রতি বছর ৫ অক্টোবর বিশ্বব্যাপী পালিত হয়ে আসছে বিশ্ব শিক্ষক দিবস।